



সৌদি আরবে হামলার নিন্দা জানালেন জামায়াত আমির



বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

সৌদি আরবে হামলাকে ‘অশুভ কাজ’ আখ্যা দিয়ে এর নিন্দা জানিয়েছেন বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। তিনি বলেছেন, যুদ্ধ কোনো সমাধান নয়; আলোচনার মাধ্যমেই সমস্যার সমাধান করতে হবে।

রোববার (১১ অক্টোবর) তুরস্ক সফর ও সৌদি আরবে ওমরাহ পালন শেষে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। শফিকুর রহমান জানান, সৌদি আরবে ভয়াবহ হামলার খবর তাঁকে উদ্ভিগ্ন করেছে। তাঁর ভাষায়, সৌদি আরব পবিত্র দুই মসজিদের দেশ। সেখানে এ ধরনের হামলা কোনোভাবেই সমর্থনযোগ্য নয়।

তুরস্ক সফর প্রসঙ্গে জামায়াত আমির বলেন, দেশটির পার্লামেন্টের স্পিকারসহ সরকারি ও বেসরকারি পর্যায়ের প্রতিনিধিদের সঙ্গে তাঁর বৈঠক হয়েছে। তুরস্ক বাংলাদেশের দীর্ঘদিনের পরীক্ষিত বন্ধু বলেও মন্তব্য করেন তিনি।

তিনি আরও জানান, আন্তর্জাতিক সম্মেলনে বাংলাদেশের অবস্থান তুলে ধরাই ছিল সফরের অন্যতম উদ্দেশ্য। এ সময় তুরস্কের সরকারের সঙ্গে শিক্ষা, তৈরি পোশাকশিল্প ও মক্কা প্যাঙ্কসহ বিভিন্ন বিষয়ে আলোচনা হয়েছে।